JAN. 29 2001

দৈনিক ইত্তেফাক

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# চট্টগ্রাম মেডিক্যাল কলেজে ছাত্রলীগ-শিবির সংঘর্ষে ১০ জন আহত

**চট্টগ্রাম অফিস ॥** চট্টগ্রাম মেডিক্যাল কলেজ ক্যাম্পাসে ছাত্রলীগ ও ছাত্র শিবির কর্মীদের মধ্যে এক সংঘর্ষে উভয়পক্ষের

(২য় পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম মেডিক্যাল কলেজে

(প্রথম পৃষ্ঠার পর)

কমপক্ষে ১০ জন আহত হইয়াছে। কয়েকটি হাতবোমার বিস্ফোরণে ক্যাম্পাস প্রকম্পিত হইয়া উঠে। পুলিশ ৪ শিবির কর্মীকে গ্রেফতার করে। পরে অবশ্য তাহাদের ছাড়িয়া দেওয়া হয়। উভয় সংঠনের দুইটি মিছিল ক্যাম্পাস প্রদক্ষিণকালে কাছাকাছি অবস্থানে আসিবার পর সংঘর্ষ বাধিয়া যায়। প্রত্যক্ষদর্শীরা জানায়, মিছিল দুইটি হইতে উস্কানিমূলক শ্লোগান প্রদানের কারণেই সংঘর্ষ বাধিয়া যায়। সংঘর্ষ চলাকালে কমপক্ষে ৩০টি বোমার বিস্ফোরণ ঘটান হয়। আতংকিত জনসাধারণ ও পথচারীরা আশ্রয়ের খোঁজে মেডিক্যাল কলেজ হাসপাতাল চত্বরের চারিদিকে ছুটাছুটি করিতে থাকে। ক্যাম্পাসে নিয়োজিত পুলিশ পরিস্থিতি সামাল দিতে ব্যর্থ হইলে পাঁচলাইশ থানা হইতে আরও পুলিশ ক্যাম্পাসে মোতায়েন করা হয়।